

# ইস্ট ওয়েস্ট ভার্সিটি স্থায়ী সনদ পেল

স্টাফ রিপোর্টার ॥ এক বছরের মধ্যে শর্ত পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয়ে ভর্তি বন্ধসহ আইনানুগ ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বুধবার রাজধানীর আফতাব নগরে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সমাবর্তনে তিনি এই হুঁশিয়ারি দেন। সকল শর্ত পূরণ করায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে স্থায়ী সনদ দেয়া হয়েছে বলেও জানান শিক্ষামন্ত্রী। ইউনিভার্সিটির

নিজস্ব ক্যাম্পাসে আয়োজিত সমাবর্তনে তিন শিক্ষার্থীকে স্বর্ণ পদকসহ মোট ১৩১১ শিক্ষার্থীকে সনদ প্রদান করা হয়।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরও বলেন, বেসরকারী বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য সুনির্দিষ্ট আইন আছে। সেই আইন সকলকে মেনে চলতে হবে। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যগণ, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডীন, বিভিন্ন বিভাগের চেয়ারপার্সনবৃন্দ, শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী, গ্র্যাজুয়েট ও তাদের অভিভাবকরা অংশ নেন।